

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শাখা-৯ (বেসরকারি কলেজ-১)
www.moedu.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.০১.০০৬.২০১৫- ২২১


তারিখ : ৪ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
১৮ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন 'দুলারহাট আদর্শ ডিগ্রি কলেজ'-এ 'গার্হস্থ্য বিজ্ঞান' বিষয় খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল এর সুপারিশের প্রেক্ষিতে ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন "দুলারহাট আদর্শ ডিগ্রি কলেজ" এ 'গার্হস্থ্য বিজ্ঞান' বিষয় খোলার অনুমতি নিম্নবর্ণিত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- i) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ii) আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- iii) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- iv) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- v) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- vi) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- vii) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে;
- viii) ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।


(নাছিমা খানম) ১৮.০৬.২০১৭

সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, পলাশী, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। অধ্যক্ষ,।
- ৬। গার্ড ফাইল।